

💵 ব্যাংকের সুদ কি হালাল

বিভাগ/অধ্যায়ঃ সূচি ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুশ্তাক আহমাদ কারীমী

সুদখোরের নিন্দাবাদ

আল্লাহ তাআলা বলেন:

﴿ الَّذِينَ يَأْكُلُونَ الرِّبا لا يَقُومُونَ إِلَّا كَمَا يَقُومُ الَّذِي يَتَخَبَّطُهُ الشَّيْطَانُ مِنَ الْمَسِّ ذَلِكَ بِأَنَّهُمْ قَالُوا إِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرّبا وَأَحَلَّ اللّهُ الْبَيْعَ وَحَرَّمَ الرّبا﴾

অর্থাৎ, যারা সুদ খায় তারা (কিয়ামতের দিন) সেই অবস্থায় উঠবে যে অবস্থা হয় একজন শয়তান (জিবন) পাওয়া লোকের। তাদের উক্তরূপ হাশর হওয়ার কারণ এই যে, তারা বলে, ব্যবসা তো সুদের মতই! অথচ আল্লাহ ব্যবসাকে হালাল করেছেন এবং সুদকে করেছেন হারাম। (সূরা বাক্কারাহ ২৭৫ আয়াত)

হযরত জাবের রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত,

لَعَنَ رَسُولُ اللهِ عَلَيْ آكل الربا وموكله وكاتبه وشاهديه، وقال : هم سواء.

অর্থাৎ, আল্লাহর রসূল (ﷺ) সুদখোর, সুদদাতা, সুদের লেখক এবং তার উপর সাক্ষীদ্বয়কে অভিশাপ করেছেন, আর বলেছেন, "ওরা সকলেই সমান।" (মুসলিম ১৫৯৭নং মিশকাত ২৪৪ পৃঃ)

প্রিয় ভাই মুসলিম!

এবার চিন্তার বিষয় এই যে, সেটা কি এমন জিনিস যার ব্যাপারে এত বড় ধমক ও তিরস্কার শুনানো হয়েছে। তার প্রকৃতত্ব কি? তা কোন্ কোন্ ক্ষেত্রে ও জিনিসে হয়ে থাকে? তা এবং ব্যবসার মধ্যে পার্থক্য কি? জাহেলিয়াতের যুগে কি কি প্রকার সুদী কারবার হত; যা কুরআন ও সুন্নাহতে নিষিদ্ধ হয়েছে? এ সকল বিষয়ে অবগত হওয়া একান্ত জরুরী; যাতে মুসলিম সে সব থেকে দূরে থাকতে পারে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4515

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন